গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১২১/২০১৯-২০২০
ঢাকা ১০ ডিসেম্বর মঙ্গলবার ২০১৯, ২৫ অগ্রহায়ণ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। অনেক পাবলিক বিশ্ববিদ্যালয় দিনে সরকারি রাতে বেসরকারি, এটি কোনোভাবেই কাম্য নয় : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫২তম সমাবর্তনে রাষ্ট্রপতি
২। প্রতিযোগিতা কমিশন পণ্যমূল্য স্থিতিশীল রাখতে পারে : রাষ্ট্রপতি
৩। রাষ্ট্রপতির ভাষণের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন
৪। নারী-শিশুদের সুরক্ষায় বিশেষ মনোযোগ দিতে হবে : প্রধানমন্ত্রী
বেগম রোকেয়া দিবসে পাঁচ নারীকে পদক প্রদান
৫। নেপালে এসএ গেমসে পদকপ্রাপ্তদের গণভবনে আমন্ত্রণ প্রধানমন্ত্রীর
৬। ত্রয়োদশ সাউথ এশিয়ান গেমসে পুরুষ ও নারী ক্রিকেট দলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন
৭। এসএ গেমসে বাংলাদেশের ১৯টি স্বর্ণ পদক জয় : আর্চারিতে ১০ ইভেন্টে ১০টিতেই স্বর্ণ পদক জয়
৮। উগ্রবাদ দমনে সবার আগে সন্ত্রাসী অর্থায়ন বন্ধ করতে হবে : স্পিকার
৯। বিশ্ব ক্ষুধা সূচকে বাংলাদেশ সার্বিকভাবে উন্নতির দিকে : কৃষিমন্ত্রী
১০। নয়াদিল্লি সফরে দ্বিপক্ষীয় সম্পর্কের সব ইস্যুতে আলোচনা হবে : পররাষ্ট্রমন্ত্রী
১১। রোহিঙ্গা গণহত্যা মামলার শুনানি আজ
গাম্বিয়াকে সহযোগিতা দেবে বাংলাদেশ, কানাডা ও নেদারল্যান্ডস
১২। মিয়ানমারকে বয়কটের আহ্বান ৩০ মানবাধিকার সংস্থার
১৩। বিশ্ব মানবাধিকার দিবস আজ : হোটেল সোনারগাঁওয়ে অনুষ্ঠানে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী
১৪। নয়াদিল্লিতে অগ্নিকাণ্ডে প্রাণহানিতে শোক প্রকাশ প্রধানমন্ত্রীর
১৫। বাংলাদেশ থেকে টেকনিক্যাল ইন্টার্ন নিচ্ছে জাপান : নারায়ণগঞ্জে পররাষ্ট্র প্রতিমন্ত্রী
১৬। ১৯ দেশের অংশগ্রহণে আজ ঢাকায় শুরু হচ্ছে আন্তর্জাতিক ব্যাডমিন্টন

১। **অনেক পাবলিক বিশ্ববিদ্যালয় দিনে সরকারি রাতে বেসরকারি, এটি কোনোভাবেই কাম্য নয় : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫২তম সমাবর্তনে রাষ্ট্রপতি**

পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোয় চালু হওয়া বিভিন্ন সান্ধ্য কোর্সের তীব্র সমালোচনা করেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (৯ ডিসেম্বর সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫২তম সমাবর্তনে তিনি বলেন, অনেক পাবলিক বিশ্ববিদ্যালয় এখন দিনে সরকারি আর রাতে বেসরকারি চরিত্র ধারণ করেছে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসগুলো সন্ধ্যায় মেলায় পরিণত হয়। এটি কোনোভাবেই কাম্য নয়। একশ্রেণীর শিক্ষক বিশ্ববিদ্যালয়কে ব্যবসায়িক প্রতিষ্ঠানে পরিণত করেছেন, যাতে শিক্ষার সার্বিক পরিবেশ বিঘ্নিত হচ্ছে। সূত্র : **বণিক বার্তা** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

২। **প্রতিযোগিতা কমিশন পণ্যমূল্য স্থিতিশীল রাখতে পারে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, অশুভ প্রতিযোগিতা রোধ করে পণ্যমূল্যের বাজার স্থিতিশীল রাখতে ভূমিকা রাখতে পারে প্রতিযোগিতা কমিশন। গতকাল (৯ ডিসেম্বর সোমবার) কমিশনের আট সদস্যের একটি প্রতিনিধিদল ২০১৮-১৯ সালের বার্ষিক প্রতিবেদন পেশ করতে বঙ্গভবনে গেলে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। রাষ্ট্রপতি বলেন, বাণিজ্য-বিনিয়োগ সম্প্রসারণে সুস্থ প্রতিযোগিতা ইতিবাচক ভূমিকা রাখে। এতে মনোপলি, ষড়যন্ত্রমূলক যোগসাজশ, ইচ্ছামতো দ্রব্যমূল্য নির্ধারণ নিয়ন্ত্রণ করা সম্ভব। তিনি বলেন, সুস্থ প্রতিযোগিতার সুফল ব্যবসায়ী ও জনগণের কাছে পৌঁছতে হলে অশুভ প্রতিযোগিতা রোধ করতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৮)।

৩। **রাষ্ট্রপতির ভাষণের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন**

নতুন বছরে জাতীয় সংসদের প্রথম অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণের খসড়া অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল (৯ ডিসেম্বর সোমবার) মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সচিবালয়ে অনুষ্ঠিত এ বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৪। **নারী-শিশুদের সুরক্ষায় বিশেষ মনোযোগ দিতে হবে : প্রধানমন্ত্রী বেগম রোকেয়া দিবসে পাঁচ নারীকে পদক প্রদান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, কোনো নারী-শিশু যেন নির্যাতনের শিকার না হয়। এ ব্যাপারে নারী-পুরুষ প্রত্যেককেই সচেতন থাকতে হবে। বিশেষ মনোযোগ দিতে হবে, যাতে তারা সুরক্ষিত থাকে। গতকাল (৯ ডিসেম্বর সোমবার) রাজধানীতে ওসমানী স্মৃতি মিলনায়তনে রোকেয়া পদক-২০১৯ বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। প্রধানমন্ত্রী নারী ও সামাজিক উন্নয়নে অসাধারণ অবদানের স্বীকৃতিতে পাঁচ জন নারীকে রোকেয়া পদক-২০১৯ প্রদান করেন। পদকপ্রাপ্তরা হচ্ছেন সেলিনা খালেক, অধ্যক্ষ শামসুন নাহার, ড. নূরুন নাহার ফয়জুন্নেছা (মরণোত্তর), পাপড়ি বসু এবং আখতার জাহান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **অবজারভার** ( শেষ পৃ,ক.৫)।

৫। **নেপালে এসএ গেমসে পদকপ্রাপ্তদের গণভবনে আমন্ত্রণ প্রধানমন্ত্রীর**

নেপালে এসএ গেমসে পদকপ্রাপ্তদের গণভবনে আমন্ত্রণ জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ঢাকায় ক্রীড়াবিদরা ফিরে এলে সবাইকে তিনি গণভবনে আমন্ত্রণ জানাবেন বলে জানিয়েছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১)।

৬। **ত্রয়োদশ সাউথ এশিয়ান গেমসে পুরুষ ও নারী ক্রিকেট দলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৯ ডিসেম্বর সোমবার) বাংলাদেশ পুরুষ অনুর্ধ-২৩ ও বাংলাদেশ নারী ক্রিকেট উভয় দলকে নেপালে অনুষ্ঠিত ত্রয়োদশ সাউথ এশিয়ান গেমসে স্বর্ণ পদক জয় করায় টেলিফোনে তাদের আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব জানান, প্রধানমন্ত্রী উভয় ক্রিকেট দলের খেলোয়াড়দের সঙ্গে টেলিফোনে কথা বলেন এবং স্ব স্ব ইভেন্টে স্বর্ণ পদক জয় করায় তাদেরকে অভিনন্দন জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১)।

৭। **এসএ গেমসে বাংলাদেশের ১৯টি স্বর্ণ পদক জয় : আর্চারিতে ১০ ইভেন্টে ১০টিতেই স্বর্ণ পদক জয়**

নেপালে ১৩তম এসএ গেমসে বাংলাদেশের ক্রীড়াবিদরা ১৯টি স্বর্ণ পদক জয় করেছেন। গতকাল (৯ ডিসেম্বর সোমবার) পুরুষ ক্রিকেটে বাংলাদেশ অনূর্ধ্ব ২৩ দল শ্রীলঙ্কাকে হারিয়ে স্বর্ণ পদক জয় করেছে। ১৯টি স্বর্ণ পদকের মধ্যে আর্চারি থেকে এসেছে ১০টি স্বর্ণ পদক। আর্চারির ১০ ইভেন্টের ১০টিতেই স্বর্ণ পদক জয় করেছেন বাংলাদেশের আর্চাররা। ১০ দিনের এসএ গেমস আজ শেষ হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**৮। উগ্রবাদ দমনে সবার আগে সন্ত্রাসী অর্থায়ন বন্ধ করতে হবে : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, উগ্রবাদী হয়ে কেউ জন্ম নেয় না। নানা অনিস্পত্তিমূলক বিরোধ পরিস্থিতি তাদের বিপথগামী করে। সারা বিশ্বের সব সফলতার জন্য উগ্রবাদ আজ হুমকি হিসেবে আবির্ভূত হয়েছে। উগ্রবাদ মোকাবিলায় ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। এক্ষেত্রে উগ্রবাদ দমনে সবার আগে সন্ত্রাসী অর্থায়ন বন্ধ করতে হবে। গতকাল (৯ ডিসেম্বর সোমবার) রাজধানীর কুড়িলে বসুন্ধরা কনভেনশন সেন্টারে 'উগ্রবাদবিরোধী জাতীয় সম্মেলন-২০১৯' এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৯। বিশ্ব ক্ষুধা সূচকে বাংলাদেশ সার্বিকভাবে উন্নতির দিকে : কৃষিমন্ত্রী**

নিরাপদ খাদ্য ও পুষ্টি নিশ্চিত করাই এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ উল্লেখ করে কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, বাংলাদেশকে ক্ষুধামুক্ত করতে কৃষিখাতে সরকারি বিনিয়োগ বাড়ানো হয়েছে। বর্তমানে দেশে খাদ্য ঘাটতি তেমন একটা না থাকলেও আমরা পুরোপুরি ঝুঁকিমুক্ত নই। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব আমাদের দেশে পড়ছে। গতকাল (৯ ডিসেম্বর সোমবার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে বিশ্ব ক্ষুধা সূচকের প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, বিশ্ব ক্ষুধা সূচকে বাংলাদেশ সার্বিকভাবে উন্নতির দিকেই রয়েছে। পুষ্টিহীনতা, শিশু খর্বকায় এবং শিশুমৃত্যুর হার হ্রাস পেয়েছে। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬)।

**১০। নয়াদিল্লি সফরে দ্বিপক্ষীয় সম্পর্কের সব ইস্যুতে আলোচনা হবে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, দ্বিপক্ষীয় সম্পর্কের গুরুত্বপূর্ণ সব ইস্যুতেই নয়াদিল্লি সফরে আলোচনা হবে। গতকাল (৯ ডিসেম্বর সোমবার) মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। ভারত সরকারের আমন্ত্রণে ১৩ ডিসেম্বর নয়াদিল্লিতে অনুষ্ঠেয় ইন্ডিয়ান ওশেন ডায়ালগে অংশ নিতে যাচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী। এ সফর নিয়ে তিনি বলেন, ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের আমন্ত্রণে নয়াদিল্লি যাচ্ছি। ইন্ডিয়ান ওশেন ডায়ালগের সাইডলাইনে পররাষ্ট্রমন্ত্রী জয়শঙ্করের সঙ্গে বৈঠক হবে। এ বৈঠকে দুই দেশের স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২)।

**১১। রোহিঙ্গা গণহত্যা মামলার শুনানি আজ**
**গাম্বিয়াকে সহযোগিতা দেবে বাংলাদেশ, কানাডা ও নেদারল্যান্ডস**

নেদারল্যান্ডসের দ্য হেগে অবস্থিত আন্তর্জাতিক বিচার আদালতে (আইসিজে) মিয়ানমারের বিরুদ্ধে আনা রোহিঙ্গা গণহত্যা মামলার শুনানি আজ (১০ ডিসেম্বর মঙ্গলবার) শুরু হচ্ছে। এ মামলার বাদী পশ্চিম আফ্রিকার দেশ গাম্বিয়া। মামলার শুনানিতে গাম্বিয়াকে নেপথ্যে থেকে তথ্য-উপাত্ত দিয়ে সহযোগিতা করবে বাংলাদেশ, কানাডা ও নেদারল্যান্ডস। বাংলাদেশের পক্ষে পররাষ্ট্রমন্ত্রী বিষয়টি নিশ্চিত করেছেন। শুনানি পর্যবেক্ষণে পররাষ্ট্র সচিব মো. শহীদুল হকের নেতৃত্বে ২০ সদস্যের একটি প্রতিনিধিদল নেদারল্যান্ডস গেছেন। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন গতকাল (৯ ডিসেম্বর সোমবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের বলেন, আমরাও আন্তর্জাতিক সম্প্রদায়ের সঙ্গে মিয়ানমারের জবাবদিহিতা চাই। এটা নিশ্চিত হলে রোহিঙ্গাদের ওপর নির্যাতন বন্ধ হবে। রাখাইনে তাদের নিরাপদ বসবাস নিশ্চিত হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

**১২। মিয়ানমারকে বয়কটের আহ্বান ৩০ মানবাধিকার সংস্থার**

রাখাইনে সংখ্যালঘু রোহিঙ্গাদের প্রতি সমর্থন জানিয়ে বৈশ্বিকভাবে মিয়ানমারকে বয়কটের ডাক দিয়ে এক কর্মসূচি গ্রহণ করেছে বিশ্বের ১০ দেশের ৩০টি মানবাধিকার, শিক্ষাবিদ এবং পেশাদারদের সংগঠন। আন্তর্জাতিক বিচার আদালতে রোহিঙ্গা গণহত্যার মামলার শুনানি শুরুর একদিন আগে সোমবার বৈশ্বিক এ বয়কটের ডাক দিয়েছে মানবাধিকার সংস্থাগুলো। জার্মানভিত্তিক ফ্রি রোহিঙ্গা কোয়ালিশন্স এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৫,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

**১৩। বিশ্ব মানবাধিকার দিবস আজ : হোটেল সোনারগাঁওয়ে অনুষ্ঠানে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী**

আজ (১০ ডিসেম্বর মঙ্গলবার) বিশ্ব মানবাধিকার দিবস। বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও নানা কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি পালিত হবে। এবারের মানবাধিকার দিবসের প্রতিপাদ্য হচ্ছে, 'মানবাধিকার সুরক্ষায় তারুণ্যের অভিযাত্রা'। দিবসটি উপলক্ষে আজ হোটেল সোনারগাঁওয়ে এক অনুষ্ঠানের আয়োজন করেছে জাতীয় মানবাধিকার কমিশন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১)।

**১৪। নয়াদিল্লিতে অগ্নিকাণ্ডে প্রাণহানিতে শোক প্রকাশ প্রধানমন্ত্রীর**

ভারতের রাজধানী নয়াদিল্লিতে ভয়াবহ অগ্নিকাণ্ডে ৪৩ জনের প্রাণহানির ঘটনায় গতকাল (৯ ডিসেম্বর সোমবার) গভীর শোক প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এক শোকবার্তায় তিনি এ দুর্ঘটনাকে মর্মান্তিক হিসেবে অভিহিত করে নিহতদের পরিবারবর্গের প্রতি সহমর্মিতা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**১৫। বাংলাদেশ থেকে টেকনিক্যাল ইন্টার্ন নিচ্ছে জাপান : নারায়ণগঞ্জে পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বলেছেন, ২০২০ সালের এপ্রিল থেকে বাংলাদেশ থেকে জাপান চিকিৎসক, প্রকৌশলীসহ বিভিন্ন পেশার দক্ষ লোকজন নেবে। এ লক্ষ্যে জাপান সরকারের সঙ্গে বাংলাদেশের একটি সহযোগিতা স্মারক চুক্তি স্বাক্ষর হয়েছে। তিনি বলেন, জাপান সরকারের কারিকুলাম অনুযায়ী নিজেকে যোগ্য হিসেবে তৈরি করে দেশটিতে যেতে হবে। গতকাল (৯ ডিসেম্বর সোমবার) নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলার সরকারি সফর আলী কলেজে এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৮), **সংবাদ** (পৃ.২,ক.৫)।

**১৬। ১৯ দেশের অংশগ্রহণে আজ ঢাকায় শুরু হচ্ছে আন্তর্জাতিক ব্যাডমিন্টন**

**১৯**টি দেশ নিয়ে আজ থেকে ঢাকায় শুরু হচ্ছে ইউনেক্স-সানরাইজ বাংলাদেশ ইন্টারন্যাশনাল চ্যালেঞ্জ ব্যাডমিন্টন টুর্নামেন্ট। খেলা হবে পল্টন ময়দানের পাশে শহিদ তাজউদ্দিন আহমেদ ইনডোর স্টেডিয়ামের উডেন ফ্লোরে। এ টুর্নামেন্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে মহান নেতার স্মৃতির প্রতি উৎসর্গ করা হয়েছে। গতকাল (৯ ডিসেম্বর সোমবার) উডেন ফ্লোরে আয়োজিত সংবাদসম্মেলনে ব্যাডমিন্টন ফেডারেশনের সভাপতি ও তথ্যসচিব আবদুল মালেক বলেন, 'আগামী **১৭** মার্চ বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে ইউনেক্স-সানরাইজ বাংলাদেশ ইন্টারন্যাল চ্যালেঞ্জ ব্যাডমিন্টন টুর্নামেন্ট জাতির পিতার অমর স্মৃতির উদ্দেশে উৎসর্গ করছি'। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, যায়যায়দিন, ডেইলি সান :** নেপালে অনুষ্ঠিত এসএ গেমসে সর্বশেষ পদক তালিকা অনুযায়ী বাংলাদেশ মোট **১৯**টি স্বর্ণ পদক জেতার কথা উল্লেখ করে এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **যুগান্তর :** সারাদেশে রেললাইনে পাথরের সংকট তীব্র আকার ধারন করেছে উল্লেখ করে রেলপথ নিরাপদ করতে পাথর ও প্রয়োজনীয় যন্ত্রাংশ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ :** দুর্নীতি দমন কমিশনে প্রায় সাড়ে তিন হাজার মামলা ঝুলে আছে উল্লেখ করে দ্রুত এগুলো নিষ্পত্তির সুপারিশ।

ঘ. **ভোরের কাগজ :** বাংলাদেশ সচিবালয়ের চারপাশকে নিরব জোন ঘোষণা করা হয়েছে উল্লেখ করে এর সাথে সাথে হাসপাতাল ও শিক্ষাপ্রতিষ্ঠানও পর্যায়ক্রমে নিরব এলাকার আওতায় আনার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন** : ধানের দাম কমলেও চালের বাজার আগের মতোই চড়া উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ইনকিলাব :** পরিবেশগত ছাড়পত্র ও তরল বর্জ্য শোধনাগার নেই, বুড়িগঙ্গার তীরে অবস্থিত এমন শিল্প-কারখানা এক মাসের মধ্যে বন্ধ করার নির্দেশনা দিয়েছে হাইকোর্ট উল্লেখ করে আদালতের এ নির্দেশনা সকল নদীর ক্ষেত্রে প্রয়োগযোগ্য করা হবে বলে আশাবাদ প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, যে বাংলাদেশ গড়ার লক্ষ্যে শহিদরা জীবন বিসর্জন দিয়েছেন, সে সোনার বাংলা গড়তে মানুষে মানুষে ভেদাভেদ দূর করতে সবাইকে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'জলবায়ু ঝুঁকি মোকাবিলায় উষ্ণতা নিয়ন্ত্রণই চ্যালেঞ্জ'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় পরিবেশবান্ধব অর্থনীতি নিশ্চিতকরণের জন্য জীববৈচিত্র্য সুরক্ষা, কার্বন নিঃসরণ ও দূষণ নিয়ন্ত্রণ, জ্বালানি নিরাপত্তা এবং সম্পদের সুষ্ঠু ব্যবহার জরুরি হয়ে পড়েছে।

#

ডালিয়া/সেলিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা